লিপি
পোর্ট ব্লেয়ার • মঙ্গলবার, ১৩ মার্চ, ২০১৮
Port Blair • Tuesday • 13 March, 2018
Arthik Lipi, Page 2

তিন যুগ পরে ফিরে পেল হারানো মা'কে

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : সালটা ছিল ১৯৮৬। ওই বছরে কোনও একদিন শেষবার নিজের মাকে এক আত্মীয়র বাড়িতে দেখেছিলেন পেশায় রং মিস্ত্রি স্বপন দাস। তারপর কেটে গেছে ৩২ বছর। বছর দুয়েক আগে মেয়ের বিয়ে ঠিক হওয়ার পর পুরোহিতের নির্দেশে নিখোঁজ নিভারানি দাস ওরফে রাসমণি দাসের শ্রাদ্ধ করে ফেলেছিলেন বড় ছেলে স্বপন। সম্প্রতি উত্তর ২৪ পরগনার ব্যারাকপুরের চক কাঁঠালিয়ার বাসিন্দা স্বপনবাবুর সঙ্গে যোগাযোগ করেন একটি স্বেচ্ছাসেবী সংস্থার প্রতিনিধিরা। তাঁরাই হারানো মায়ের সন্ধান দেন।

ওই স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে তিনি জানতে পারেন, তাঁর মা অসুস্থ অবস্থায় কলকাতার বাঘাযতীন হাসপাতালে ভর্তি রয়েছেন। এরপরই অন্য দু'ভাইয়ের স্ত্রীর সঙ্গে শনিবার সেখানে গিয়ে মাকে চিনতে পারেন বড় ছেলে স্বপন দাস।

পরিবারের সূত্রের খবর, নিভারানি দেবীর বর্তমানে ৭০ বছর বয়স। তাঁর দুটো বিয়ে। দু'পক্ষের মোট পাঁচ ছেলে। তাঁরা হলেন কালীপদ দাস, স্বপন দাস, অক্ষয় দাস, ফটিক দাস এবং রঞ্জিত দাস। স্বপন, ফটিক ও রঞ্জিত তিন ভাই একপক্ষের এবং বাকি দু'ভাই অন্য পক্ষের। প্রায় তিনযুগ পর মায়ের সন্ধান পেয়ে আবেগআপ্লুত স্বপনবাবু বলেন, মা আমাদের ছেড়ে চলে গিয়েছিলেন ১৯৮৬ সালের আগে। আমি ১৯৮৬ সালে মাকে দেখেছিলাম তারপর আর ওনার দেখা পায়নি। বছর দুয়েক আগে মেয়ের বিয়ে উপলক্ষে শ্রাদ্ধও করে ফেলেছিলাম। কিন্তু হাসপাতালে গিয়ে চিনতে পেরেছি মাকে। ওনাকে নিয়ে এসে আমাদের সঙ্গে রাখব। এতদিন তাঁকে আমরা খুঁজে বেড়িয়েছি। এখন পেয়েছি। সব ভাইয়ের সঙ্গে মাকে ওই হাসপাতাল থেকে ছাড়িয়ে বাড়িতে নিয়ে আসার বিষয়ে আলোচনা চলছে।

হাসপাতাল সূত্রে খবর, ওই প্রবীণ মহিলা অসুস্থ হলেও বাড়ির ঠিকানা বলতে পেরেছিলেন। এক সেচ্ছাসেবী সংস্থা বিষয়টি জানতে পেরে নিভারানি দেবীর পরিবারের সদস্যদের সঙ্গে যোগাযোগ করে। তাদের সাহায্যেই সোমবার ৩২ বছর পর মা ও ছেলেদের মিলন দেখার অপেক্ষায় উত্তর ২৪ পরগনার ব্যারাকপুরের চক কাঁঠালিয়া গ্রাম।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

	7				4		8	9
1					8	5		
4		9				2		
	3			8	5			4
			3		1			
5			2	4			7	
		4				6		5
		1	4					8
3	5		9				2	

গতকালের সমাধান

1	5	8	7	4	9	2	3	6
9	6	7	3	2	1	8	5	4
3	2	4	6	5	8	7	9	1
6	8	2	5	3	7	1	4	9
5	4	9	1	8	6	3	2	7
7	1	3	4	9	2	5	6	8
4	3	1	9	7	5	6	8	2
8	7	5	2	6	4	9	1	3
2	9	6	8	1	3	4	7	5

আবহাওয়া

পূর্বাভাস: মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৭ ডিগ্রি ও ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** সোমবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩৩ ডিগ্রি ও ২৩ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৫৪ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।৪৭, **সূর্যাস্ত:** ঘ ৫।৪৪ **জোয়ার**:সকাল : ১১:২। **ভাঁটা**: সকাল: ৬:৪০।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	65.0199
INR / 1 Euro	80.0915
INR / 100 Jap. YEN	60.9600
INR /1 Pound Sterling	90.1241

শেয়ার সূচক

BSE	33,917.94 ▲	(+610.80)
NIFTY	10,421.40 ▲	(+194.55)

শব্দলিপি- ১১৩৮



[illegible]

আজ শোভনও নিরাপত্তাহীনতায় ভুগছেন : মুকুল

নিজস্ব সংবাদদাতা, রানাঘাট : এক সময়ের দলীয় সতীর্থ, কিন্তু আজ তাঁদের পথ আলাদা। শোভন যখন নিরাপত্তাহীনতায় ভুগছেন, দলের সঙ্গে তাঁর বিচ্ছেদ যখন কেবল সময়েই অপেক্ষা, ঠিক তখনই শোভন চট্টোপাধ্যায় প্রসঙ্গে মুখ খুললেন মুকুল রায়। মুকুল বললেন, উনি মমতা বন্দ্যোপাধ্যায়ের ঘনিষ্ঠ লোক। মমতার বিষয়ে ও সমস্ত কিছুই জানে।

পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে দলীয় কর্মীদের উদ্বুদ্ধ করতে সোমবার নদিয়ার রানাঘাটে গিয়েছিলেন মুকুল রায়। সেখানেই সাংবাদিক প্রশ্নের উত্তরে শোভন প্রসঙ্গে মুখ খোলেন। আর তাতেই জল্পনা তুঙ্গে রাজনৈতিক মহলে।

মুকুল বলেন, বহু নেতাই আমার সঙ্গে যোগাযোগ করছেন। সেরকম হলে তৃণমূল দলটাই ভেঙে যাবে। মুকুলের এই কথা যথেষ্টই ইঙ্গিতবাহী বলে মনে করছে রাজনৈতিক মহল। শোভন প্রসঙ্গে কথা বলতে গিয়ে, কেনই বা মুকুল একথা বললেন, তা নিয়েও উঠছে প্রশ্ন।

ভাগ্যলিপি

মেষ

আপনার স্বাস্থ্য আজ আপনাকে চিন্তায় রাখবে।

বৃষ

পেশাগত ও সামজিক ক্ষেত্রে সমঝোতা করে চলার চেষ্টা করুন লাভবান হতে পারেন।

মিথুন

আর্থিক ক্ষেত্রে আপনি লাভবান হবেন। সমস্যা কাটিয়ে ওঠার চেষ্টা করুন।

কর্কট

প্রতিদিনের কাজে নিজেকে ব্যস্ত রাখার পাশাপাশি অন্য কাজে অর্থ আয়ের চেষ্টা করুন।

সিংহ

ধর্মীয় ও আধ্মাতিক কাজে নিজেকে ব্যস্ত রাখতে হবে। এ ব্যাপারে অর্থ ব্যয় হতে পারে।

কন্যা

আজ শান্তি ও সমৃদ্ধি বজায় রাখার দিন। বিনোদন মূলক কাজে অর্থ ব্যায় করলে লাভবান হবেন।

তুলা

গরমের সময়ে যে সমস্ত ফল পাওয়া যায় সেই ব্যবস্যায়ে অর্থ বিনিয়োগ করলে লাভবান হবেন।

বৃশ্চিক

বন্ধু বান্ধবদের সঙ্গে আজ মিলিত হতে পারেন। এব্যাপারে অর্থ ব্যয়ের সম্ভাবনা রয়েছে।

ধনু

নিজেকে আজ নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করুন। মেজাজ হারাবেন না।

মকর

একটা খারাপ দিন অপেক্ষা করছে আপনার জন্য।

কুম্ভ

অনেকেই আপনার সঙ্গে অশান্তি তৈরি করার চেষ্টা করতে পারে। সেদিকে নজর রাখার চেষ্টা করুন।

মীন

লক্ষ্যে পৌঁচ্ছানোর জন্য আজ সমবেত ভাবে চেষ্টা করুন।

থানা থেকে প্রশ্নপত্র গাড়িতে তোলা হচ্ছে নির্দিষ্ট পরীক্ষা কেন্দ্রের জন্য।

অ্যাডমিট কার্ড দেখে পরীক্ষার হলে ঢুকতে দেওয়া হচ্ছে।

মেয়েকে পরীক্ষার হলে পৌঁছে দিচ্ছেন মা।

গ্রামীণ চিকিৎসকের চেষ্টায় অবশেষে সুস্থ আনারুল

নিজস্ব সংবাদদাতা, ক্যানিং : মাথা থেকে বেরতে দুর্গন্ধ। যন্ত্রণা হত অসহ্য। প্রথমে গ্রাহ্য করেনি মা-বাবা। পরে মাথার যন্ত্রণা তীব্রতর হয়। রীতিমতো ছটফট করতে থাকে বছর সাতেকের আনারুল শেখ। বাধ্য হয়ে ক্যানিং হাসপাতালে নিয়ে যায়। কাজ হয়নি। চিকিৎসকরা ভালোভাবে পরীক্ষা নিরীক্ষাও করেননি বলে অভিযোগ। এরপর শুরু হয় 'চরকিপাক'। ছেলেকে নিয়ে দৌড়াদৌড়ি চলে এ হাসপাতাল থেকে সে হাসপাতাল। কাজের কাজ হয়নি। শেষপর্যন্ত গ্রামীণ চিকিৎসকের দ্বারস্থ হতে হয়। তাঁর হাত ধরেই আসে সাফল্য। মাথা থেকে কিলবিল করে বেরয় পোকা।

আনারুলদের বাড়ি ক্যানিংয়ের ইটখোলা মাঝেরপাড়ায়। কিছুদিন আগে তার মাথায় ছোট বড় বেশ কয়েকটি ফুসকুড়ি হয়। সারাক্ষণ মাথা চুলকাতে শুরু করে। পরিবারের লোকজন ন্যাড়া করার পর দেখা মাথায় কিছু জায়গায় ক্ষত রয়েছে। তখন তার চিকিৎসা করানো হয়নি। কিছুদিনের মধ্যে ক্ষতস্থানে ঘা হয়ে যায়। সেখান থেকে দুর্গন্ধ বেরোতে শুরু করে। শুরু হয় অসহ্য মাথা যন্ত্রণা। এই অবস্থায় পরিবার পরিজন আনরুলকে নিয়ে যায় স্থানীয় ক্যানিং মহকুমা হাসপাতালে। অভিযোগ, সেখানে চিকিৎসকরা ভালোমতো পরীক্ষা-নিরীক্ষাও নাকি করেননি। এরপর আনারুলকে নিয়ে যাওয়া হয় সোনারপুরের একটি বেসরকারি হাসপাতালে। সেখানে চিকিৎসকরা চিকিৎসা করতে রাজি হননি। এরপর নিয়ে যাওয়া হয় কলকাতার চিত্তরঞ্জন ন্যাশনাল মেডিকেল কলেজে। সেখানে নামমাত্র চিকিৎসা করা হয় বলে অভিযোগ।

বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতাল ঘুরে অবশেষে ক্যানিং স্টেশন লাগোয়া এক গ্রামীণ চিকিৎসকের দ্বারস্থ হয় আনারুলের পরিবার। প্রথমে চিকিৎসা করতে নিমরাজি ছিলেন চিকিৎসক কুমুরঞ্জন ঘরামি। পরে, অবশ্য চিকিৎসা করতে রাজি হন। চিকিৎসা করতে গিয়ে দেখেন আনারুলের মাথায় পোকা বাসা বেঁধেছে। আর পচনের কারণে দুর্গন্ধ বেরচ্ছে। শুরু হয় অপারেশন। চার ঘন্টা ধরে প্রায় শতাধিক পোকা বের করেন। পচা অংশটি বাদ দিয়ে ওষুধ লাগিয়ে ড্রেসিং করে দেন। আপাতত স্বস্তিতে আছে এই শিশু। চিকিৎসক কুমুদরঞ্জন বলেন, "সবাই ফিরিয়ে দিয়েছিল শুনলাম। আমিও প্রথমে অপারেশন করব না ভাবছিলাম। ছেলের কষ্ট হচ্ছে দেখে মত বদলাই।

আশাকরি আনারুল তাড়াতাড়ি সুস্থ হয়ে উঠবে।"

বিবাহ বহির্ভূত সম্পর্ক প্রকাশে খুন গৃহবধূ

নিজস্বসংবাদদাতা, সাগরদিঘি : দুই বউদির সঙ্গে ছিল বিয়ের বহির্ভূত সম্পর্ক। প্রতিবাদ করায় স্ত্রীকে খুন করার অভিযোগ উঠল স্বামীর বিরুদ্ধে। পলাতক স্বামীর খোঁজে তল্লাশি চালাচ্ছে পুলিশ। খুনের পিছনে দুই বউদিরও হাত রয়েছে বলে অভিযোগ স্থানীয়দের। ঘটনাটি ঘটেছে সাগরদিঘির গয়সাবাদে। সোমবার সকালে শোয়ার ঘর থেকে ওই যুবতীর মৃতদেহ উদ্ধার হয়। মৃতের নাম তাজকুরা বিবি। বছর দুয়েক আগে মোজাম্মেল শেখের সঙ্গে বিয়ে হয়। দু'মাস পর থেকেই তাজকুরা স্বামীর অবৈধ সম্পর্কের কথা জানতে পারে। প্রতিবাদও করে। রোজই প্রায় দু'জনের ঝগড়া হত হলে জানিয়েছে মৃতের পরিবার পরিজন। তাজকুরার মায়ের অভিযোগ, মারধরও করা হত তাদের মেয়েকে। রবিবারও ঝগড়া হয়। এরপর মুখে বালিশ চাপা দিয়ে খুন করা হয় তাজকুরাকে।

খাজুট্টিতে ৩৩ তম উরস মোবারক



নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া জেলার বাগনান থানার খাজুট্টিতে খানকাহ একাদেরিয়া এ হুসেনিয়ার আয়োজনে ৩৩ তম বার্ষিক উরস মোবারক অনুষ্ঠিত হবে আগামী ১৯ মার্চ। যার প্রস্তুতি চলছে জোরকদমে। সৈয়দ আরেফ শাহ আল কাদেরি আল হাসায়নি আল হুসেয়নি পীর নগরী স্মরণে ওরশ মোবারক অনুষ্ঠিত হবে। বিশ্বের বিভিন্ন প্রান্তের ধর্মপ্রাণ ভক্ত সমবেত হবেন। ধর্মগ্রন্থ পবিত্র কোরাণ, হাদিস শরিফ ও পীর ওলী আল্লাহ দের অলৌকিক ঘটনার বয়ান করবেন প্রতিভাধর গদ্দী নশীন পুত্র ও খলিফা সৈয়দ শাহ আতেফ আলী আল কাদেরী আল হাসায়নী আল হুসেয়নী পীর নগরী। আলেম ওলামা বর্গ প্রমুখ উপস্থিত থাকছেন বলে জানা গেছে। উপস্থিত ভক্ত সকলকে তাবারুক ও সিন্নি দেওয়া হবে। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বহু বিশিষ্ট গুণিজন অংশগ্রহণ করছেন ও উপস্থিত থাকবেন বলে জানা গেছে। বিশ্বের সকলের জন্য মঙ্গল কামনা করে দোয়া ও মোনাজাত করা হবে।

হাওড়ায় এমপি কাপ ফুটবল টুর্নামেন্টে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন হাওড়া সদর কেন্দ্রের সাংসদ প্রসূন ব্যানার্জি।

ক্লাস চলাকালীন ছাদের চাঙড় ভেঙে পড়ল



নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : পঠনপাঠন চলাকালীন শ্রেণিকক্ষের মধ্যে ছাদের চাঙড় ভেঙে পড়ল। ঘটনা কাকদ্বীপের সুন্দরবন আদর্শ বিদ্যামন্দিরে। সোমবার পুরনো বিল্ডিং-এর দোতলায় গণিতের ক্লাস নিচ্ছিলেন এক দিদিমনি, ক্লাস শেষ হওয়ার পর পরই হঠাৎ ছাদ থেকে চাঙড় খসে পড়ে। সেই সময় দিদিমনি দরজা দিয়ে শ্রেণি কক্ষের বাইরে বেরোচ্ছিলেন শ্রেণি কক্ষের ভেতরে ছাত্রছাত্রীরা। বড়সড় দুর্ঘটনা ঘটতে পারতো। প্রধান শিক্ষক এবং অন্যান্য শিক্ষকরা ছাত্রছাত্রীদের নিচে নামিয়ে আনেন।

পরে দেখায় যায় বিল্ডিং'র অন্যান্য কক্ষ থেকেও পালস্থারা খসে পড়েছে। বিদ্যালয়ের তরফ থেকে স্থানীয় প্রশাসনকে জানানো হয়। বিডিও এবং কাকদ্বীপের মহকুমা শাসক স্কুল পরিদর্শন করেন। খবর যায় সুন্দরবন উন্নয়ন মন্ত্রীর কাছে। তিনি নিজে আসেন। ছাত্রছাত্রীদের অন্যত্র পঠন পাঠনের ব্যবস্থা করতে বলেন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক জানান, ১৯৪৫ সালের বিদ্যালয়টি প্রতিষ্ঠিত। বিদ্যালয় গৃহটির বয়স প্রায় সত্তর বছর অতিক্রান্ত। লোনা হাওয়ায় বাড়িটি ক্ষতিগ্রস্থ। এই প্রতিবেদক সারা বাড়িটি ঘুরে দেখেন।

ছাদের রডে মরচে পড়েছে। দেওয়াল এবং ছাদ খসে খসে পড়ছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুন্দরবন মন্ত্রী শিক্ষামন্ত্রীসহ উচ্চ পর্যায়ে আবেদন করেছেন। উল্লেখ্য, উচ্চ মাধ্যমিক পরীক্ষার পরীক্ষা কেন্দ্র এখানে। পরীক্ষার্থীদের কোথায় বসাবেন সে নিয়েও চিন্তিত। বিদ্যালয়ের গৃহটির বর্তমান যা অবস্থা, যে কোনও সময় ভেঙে পড়ার আশঙ্কা উড়িয়ে দেওয়া যাচ্ছে না।

চতুর্থ শ্রেণির ছাত্রীকে ধর্ষণ প্রৌঢ়ের

নিজস্ব সংবাদদাতা, অশোকনগর : মানসিক ভারসাম্যহীন ১৩ বছরের কিশোরীকে ধর্ষণের অভিযোগে গ্রেফাতর এক প্রবীণ ব্যক্তি। ধৃতের নাম অভয় সিং (৭০)। রবিবার সন্ধ্যায় ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগনার অশোকনগরের গুমা নবপল্লি এলাকায়।

নির্যাতিতার বাড়ির লোকের অভিযোগ, রবিবার সন্ধ্যে বাড়ির কিছুটি দূরে একটি বিয়ের বাড়ির উঠোনে খেলছিল ক্লাস চতুর্থ শ্রেণির ছাত্রীটি। সেই সময় পেশায় ভ্যান চালক প্রতিবেশী অভয় সিং নিজের ভ্যান নিয়ে বাড়ি যাচ্ছিল। তাকে দেখতে পেয়ে ওই কিশোরীটি বাড়ি যাওয়ার জন্য দৌড়ে ভ্যানের পিছনে ওঠে। কিন্তু বাড়ির সামনে না নামিয়ে অভিযুক্ত নিজের বাড়িতে নিয়ে যায় কিশোরীকে। তারপর বাড়িতে কেউ না থাকার সুযোগে ধর্ষণ করে।

নির্যাতিতা কাঁদতে কাঁদতে বাড়িতে যাওয়ার সময় পাড়ার এক ঠাকুমা কী হয়েছে জানতে চান। কিশোরীটি তাঁকে সবকিছু খুলে বলে।

এরপর ওই মহিলা তার বাড়িতে সব কথা বলে। রাতেই অভিযুক্তের নামে অশোকনগর থানায় অভিযোগ দায়ের করে মেয়েটির পরিবার। পুলিশ অভিযুক্তকে গ্রেফতার করে। কিশোরীটির শারীরিক পরীক্ষা করায় অশোকনগর স্টেট জেনারেল হাসপাতালে। অভিযুক্তর বিরুদ্ধে পকসো আইনে মামলা রুজু করে সোমবার আদালতে তুলেছে পুলিশ।

স্থানীয় সূত্রে জানা গেছে, অভিযুক্ত অভয় সিং বছর সাতেক আগে এক মহিলাকে ধর্ষণের অভিযোগে দীর্ঘদিন জেল খেটেছে। ফের এধরনের জঘন্য কাজে লিপ্ত হল।

নতুন বাসরুটের উদ্বোধন

নিজস্ব সংবাদদাতা, নোয়াপাড়া : মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে নতুন বাসরুট উদ্বোধন হল নোয়াপাড়ায়।

রাজ্য পরিবহণ দফতরের উদ্যোগে নতুন চারটি সরকারি বাসও উদ্বোধন করা হয়। উদ্বোধন করেন স্থানীয় বিধায়ক সুনীল সিং। ওয়েস্ট বেঙ্গল ট্রান্সপোর্ট কর্পোরেশনের চারটি বাস নোয়াপাড়া চৌরঙ্গি মোড় (শ্যামনগর স্টেশন সংলগ্ন) থেকে বিটি রোড, শিয়ালদা, এমজি রোড হয়ে হাওড়া স্টেশন পর্যন্ত চলাচল করবে। একইভাবে ফিরতি পথে হাওড়া স্টেশন থেকে আসবে চৌরঙ্গি মোড়।

সোমবার মাধ্যমিক পরীক্ষা শুরুর আগেই এই বাস পরিষেবা চাল করে দেওয়া হয়। এরফলে পরীক্ষার্থীদের যেমন সুবিধা হবে, ঠিক তেমনি শিয়ালদা মেন শাখার যাত্রীদের চলাচলের পথেও সুবিধা হবে।

বাস উদ্বোধন করে সুনীলবাবু বলেন, বারাসতে জেলা প্রশাসনিক বৈঠকের সময় আমি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে নতুন এই বাসরুট চাল করার জন্য অনুরোধ করেছিলাম। উনি মাধ্যমিক পরীক্ষা শুরুর দিন থেকে সাধারণ মানুষের স্বার্থে এই পরিষেবা দিলেন। এতদিন শ্যামনগর থেকে হাওড়া সরাসরি বাস পরিষেবা ছিল না। শিয়ালদা থেকে বাস পরিবর্তন করে যেতে হত। বাস পরিষেবা চালু হওয়ায় নিত্যযাত্রীদের সুবিধা হবে।

বাস উদ্বোধনী অনুষ্ঠানে বিধায়ক সুনীল সিং ছাড়াও উপস্থিত ছিলেন উত্তর ব্যারাকপুর পুরসভার পুরপ্রধান মলয় ঘোষ, গারুলিয়া পুরসভার উপপুরপ্রধান সুব্রত মুখোপাধ্যায় সহ একাধিক জনপ্রতিনিধি।

CHANGE OF NAME

I,Md. Mahboob Alam S/o, Mohamadi Khatoon previously called Bibi Mohammadi Khatoon R/o, 64/C Topsia Road, Kolkata-700039 Solemnly declare that hereafter to designate and address my mother issue by such assumed name/ surname of Mohamadi Khatoon and Bibi Mohammadi Khatoon is same and one identical person vide an affidavit sworn before the Notary Public at City Civil Court, Kolkata on 9/3/2018.